

H/A  
www.zpbagerhat.gov.bd



জেলা পরিষদ  
বাগেরহাট  
www.zpbagerhat.gov.bd

এককালীন শিক্ষা বৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি

বাগেরহাট জেলা পরিষদের ২০২৪-২৫ অর্থবছরের রাজস্ব তহবিলের অর্থায়নে মেধাবী ছাত্র-ছাত্রীদের এককালীন বৃত্তি প্রদান করা হবে। এ বছর ২০২৪ সালে এস.এস.সি/সমমান এবং এইচ.এস.সি/সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ প্রাপ্ত এবং ২০২৫ সালে বিভিন্ন সরকারি বিশ্ববিদ্যালয়/মেডিকেল কলেজ/প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ প্রাপ্তদের শিক্ষা বৃত্তি প্রদান করা হবে। অগ্রহী শিক্ষার্থীদের বাগেরহাট জেলা পরিষদের নির্ধারিত ফরমে আগামী ১৬ মার্চ ২০২৫ তারিখের মধ্যে নিম্নবর্ণিত শর্ত মোতাবেক আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

**শর্তাবলীঃ**

- ০১। আবেদনকারীকে বাগেরহাট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। ধনী/সচ্ছল পরিবারের সন্তানদের আবেদন করার প্রয়োজন নেই।
- ০২। আবেদনকারী ছাত্র-ছাত্রীদের ২০২৪ সালে অনুষ্ঠিত এস.এস.সি/সমমান এবং এইচ.এস.সি/সমমান পরীক্ষায় জিপিএ-৫.০০ থাকতে হবে (আবেদন ফরম -ক এর জন্য প্রযোজ্য)।
- ০৩। আবেদনকারীকে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে যে কোন সরকারি বিশ্ববিদ্যালয়/মেডিকেল কলেজ/প্রকৌশল বিশ্ববিদ্যালয় এ ভর্তির সুযোগ পেয়েছেন এরূপ প্রমাণক সংযুক্ত করতে হবে (আবেদন ফরম -খ এর জন্য প্রযোজ্য)।
- ০৪। আবেদনপত্রের সাথে শিক্ষাগত যোগ্যতার মার্কশিট/সনদের ফটোকপি এবং সদ্য তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ/বিভাগীয় প্রধান/প্রধান শিক্ষক কর্তৃক সত্যায়িত) দাখিল করতে হবে।
- ০৫। আবেদনকারীকে অবশ্যই বাগেরহাট জেলার স্থায়ী বাসিন্দা মর্মে ইউপি প্রশাসক/পৌর প্রশাসক/যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র এবং আর্থিক অসচ্ছলতার প্রমাণ স্বরূপ আবেদন ফরমের ১১ নং ক্রমিকে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সুপারিশ থাকতে হবে (আবেদন ফরম -ক এর জন্য প্রযোজ্য)।
- ০৬। ২০২৪ সালে উত্তীর্ণ ছাত্র-ছাত্রী যারা এখনও কোন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হতে পারেননি তারা সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সুপারিশ সহ আবেদন করতে পারবেন।
- ০৭। আবেদন ফরম বাগেরহাট জেলা পরিষদ কার্যালয়/জেলা প্রশাসকের কার্যালয়/সকল উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় হতে বিনামূল্যে সংগ্রহ করা যাবে। এছাড়াও www.zpbagerhat.gov.bd ওয়েবসাইট হতে ডাউনলোড করা যাবে।
- ০৮। আবেদনকারীকে স্বহস্তে ফরম পূরণ পূর্বক পূর্ণনাম সহ স্বাক্ষর করতে হবে। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০৯। নির্ধারিত ফরমে পূরণকৃত আবেদন ফরম আগামী ১৬/০৩/২০২৫ খ্রি. তারিখের মধ্যে সরাসরি/ডাকযোগে গ্রহণ করা হবে।
- ১০। এককালীন শিক্ষাবৃত্তি প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

  
১৬.০২.২০২৫  
ভাস্কর দেবনাথ বাপ্পি  
প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, বাগেরহাট  
Email: zpbagerhat@lgd.gov.bd

স্মারক নং- ৪৬.৪২.০১০০.০০১.৩৫.০৬.২৫-২৮(১৭)

তারিখঃ ১৩ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।
- ৪। জেলা প্রশাসক, বাগেরহাট।
- ৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ ..... (সকল)
- ৬। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, বাগেরহাট।
- ৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল) বাগেরহাট।
- ৮। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, বাগেরহাট।
- ৯। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাগেরহাট।
- ১০। উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, বাগেরহাট।
- ১১। জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট।
- ১২। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, বাগেরহাট।
- ১৩। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বাগেরহাট।
- ১৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, বাগেরহাট।

আবেদন ফরম -খ



# জেলা পরিষদ, বাগেরহাট

www.zpbagerhat.gov.bd

২কপি পাসপোর্ট  
সাইজের ছবি  
এখানে সংযুক্ত করুন

সরকারি বিশ্ববিদ্যালয়/মেডিকেল কলেজ/প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগপ্রাপ্ত  
ছাত্র-ছাত্রীদের এককালীন শিক্ষা বৃত্তির

## আবেদন ফরম-২০২৫

- ০১। আবেদনকারীর নাম : .....
- ০২। পিতার নাম : ..... মাতার নাম : .....
- ০৩। ঠিকানা : (ক) গ্রামঃ ..... (খ) ডাকঘরঃ .....  
(গ) উপজেলাঃ ..... (ঘ) জেলাঃ বাগেরহাট।
- ০৪। টেলিফোন/মোবাইল নম্বর : .....
- ০৫। অধ্যয়ন সমাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের নাম : .....
- ০৬। বর্তমানে পঠিত সরকারি বিশ্ববিদ্যালয়/মেডিকেল কলেজ সংক্রান্ত তথ্যঃ

ভর্তির সুযোগপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের নাম (সরকারি বিশ্ববিদ্যালয়/মেডিকেল কলেজ/প্রকৌশল বিশ্ববিদ্যালয়)	এইচএসসি/ সমমান পরীক্ষা পাসের সন	শিক্ষাবর্ষ ও প্রাপ্ত জি.পি.এ	পঠিত বিষয়ের নাম (প্রযোজ্য ক্ষেত্রে)
১	২	৩	৪
	২০২৪		

- ০৭। অভিভাবকের পেশা : .....।
- ০৮। অভিভাবকের বার্ষিক আয় : .....।
- ০৯। উল্লিখিত সকল তথ্যাদি সঠিক মর্মে আমি ঘোষণা করছি।

তারিখ : .....

(আবেদনকারীর পূর্ণ স্বাক্ষর)

- ১০। অধ্যায়ণরত/সমাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সুপারিশ/মতামত .....

শিক্ষা প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধানের স্বাক্ষর ও সীল

আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে :

- বাগেরহাট জেলার স্থায়ী বাসিন্দা মর্মে সংশ্লিষ্ট ইউপি প্রশাসক/পৌর প্রশাসক/যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র এবং আর্থিক অসচ্ছলতার প্রমাণ স্বরূপ এ আবেদন ফরমের ১০ নং ক্রমিকে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সুপারিশ গ্রহণযোগ্য হবে।
- সরকারি বিশ্ববিদ্যালয়/মেডিকেল কলেজ/প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে-এ ২০২৫ সালে ভর্তির সুযোগ প্রাপ্তি এবং উহার প্রমাণক সংযুক্ত করতে হবে।
- সদ্যতোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত)।
- আবেদনপত্র জমাদানের সর্বশেষ তারিখ ১৬/০৩/২০২৫ খ্রি.।
- শিক্ষাবৃত্তির আবেদনপত্র দাখিল বৃত্তি প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করে না। কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে উপযুক্ততা বিবেচনায় নির্বাচিত শিক্ষার্থীদের বৃত্তি প্রদান করা হবে।